

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি কলেজ-৬ শাখা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৫.০০১.১৭.৩৪

তারিখ: ২২ মাঘ ১৪২৪

০৪ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়: টাংগাইল জেলার কালিহাতী উপজেলার কালিহাতী কলেজ এর নাম পরিবর্তন করে  
"কালিহাতী শাজাহান সিরাজ কলেজ" নামকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাংগাইল জেলার কালিহাতী উপজেলাধীন কালিহাতী কলেজ এর নাম পরিবর্তন করে "কালিহাতী শাজাহান সিরাজ কলেজ" নামকরণের বিষয়ে মহামান্য হাইকোর্ট রীট পিটিশন নং ৪৫২৮/২০১৭ দায়ের করা হয়। উক্ত পিটিশনে মহামান্য আদালত রুল জারি করেন এবং অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন। অধ্যক্ষের ২৯/৯/২০১৩ তারিখের আবেদন ৬০ দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য বিবাদীগণকে নির্দেশ প্রদান করা হয়। এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আইন উপদেষ্টা মতামত প্রদান করেন। মতামতে তিনি উল্লেখ করেন যে, রীট পিটিশনের আদেশ অনুসারে অধ্যক্ষের ২৯/৯/২০১৩ তারিখের আবেদন ৬০ দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য বিবাদীগণকে নির্দেশ প্রদান করা হয়। কোর্টের আদেশ অনুসারে অধ্যক্ষের আবেদনের বিষয়টি অর্থাৎ কলেজের নাম করণের বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়কে দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং অধ্যক্ষকে অবহিত করতে হবে। সে মোতাবেক বিষয়টি নিষ্পত্তি করার জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) প্রস্তাব প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, টাংগাইল জেলার কালিহাতী উপজেলাধীন কালিহাতী কলেজ এর নাম পরিবর্তন করে "কালিহাতী শাজাহান সিরাজ কলেজ" নামকরণের বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



৪-২-২০১৮

নাছিমা খানম

সিনিয়র সহকারী সচিব

যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)

আইন অধিশাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৫.০০১.১৭.৩৪/১(৪)

তারিখ: ২২ মাঘ ১৪২৪

০৪ ফেব্রুয়ারি ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপসচিব, আইন-২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অধ্যক্ষ, কালিহাতী কলেজ, টাংগাইল।



৪-২-২০১৮

নাছিমা খানম

সিনিয়র সহকারী সচিব